গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানিজ এন্ড ফার্মস**

১, কাওরান বাজার, টিসিবি ভবন (৭ম তলা), ঢাকা।

ওয়েব সাইট www.roc.gov.bd

# বিজ্ঞপ্তি

নং ২৬.০৬.০০০০.০০১.২৮.০২৯.১৪/ তারিখঃ ০২ জুলাই ২০১৬ খ্রিঃ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কোম্পানি আইন ১৯৯৪ এর বিধানানুসারে নিবন্ধিত কোম্পানির নিম্নে বর্ণিত রিটার্ন/বন্ধকের বিবরণী প্রয়োজনীয় ফিস প্রদানপূর্বক নির্দিষ্ট সময়ের মধ্যে জমা প্রদানের আইনগত বাধ্যবাধকতা রয়েছেঃ

## ১। বন্ধকের বিবরণীসমূহ:

ক) /বন্ধকের বিবরণী (ফরম ): বন্ধকী দলিল সম্পাদনের তারিখ হতে ২১তম দিনের মধ্যে নির্ধারিত ফিস ব্যাংকে জমা প্রদান পূর্বক বন্ধকের বিবরণী আর জে এস সি এর কেন্দ্রীয়/বিভাগীয় দপ্তরের এখতিয়ারাধীন সংশ্লিষ্ট ক্যাশ কাউন্টারে হার্ড কপি জমা করতে হবে [ধারা ১৫৯ এবং ৩৯১]।

খ) পরিবর্তিত বন্ধকের বিবরণী (ফরম পরিবর্তিত বন্ধকী দলিল সম্পাদনের তারিখের হতে ২১তম দিনের মধ্যে নির্ধারিত ফিস ব্যাংকে জমা প্রদান পূর্বক বন্ধকের বিবরণী আর জে এস সি এর কেন্দ্রীয়/বিভাগীয় দপ্তরের এখতিয়ারাধীন সংশ্লিষ্ট ক্যাশ কাউন্টারে হার্ড কপি জমা করতে হবে [ধারা ১৬৭]।

গ) (ফরম বন্ধক ও চার্জের দায়দেনা পরিশোধ/ এর তারিখ হতে ২১তম দিনের মধ্যে বন্ধকের দায়দেনা পরিশোধের বিবরণী আর জে এস সি এর কেন্দ্রীয়/বিভাগীয় দপ্তরের এখতিয়ারাধীন সংশ্লিষ্ট ক্যাশ কাউন্টারে হার্ড কপি জমা করতে হবে [ধারা ১৭২ এবং ৩৯১]।

২। শেয়ার বরাদ্দ সংক্রান্ত রিটার্ন (ফরম XV): শেয়ার বরাদ্দের তারিখ হতে ৬০তম দিনের মধ্যে আর জে এস সি এর কেন্দ্রীয়/বিভাগীয় দপ্তরের এখতিয়ারাধীন সংশ্লিষ্ট ক্যাশ কাউন্টারে হার্ড কপি জমা করতে হবে [ধারা ১৫১]।

৩। কোন কোম্পানি ক্রমিক নং ১ ও ২ এ উল্লেখিত সময়সীমার মধ্যে রিটার্নসমূহ রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানিজ এন্ড ফার্মস এর সংশ্লিষ্ট দপ্তরে দাখিল করতে ব্যর্থ হলে কোম্পানি আইন ১৯৯৪ এর ধারা ১৫১, ১৭১ ও ১৭৩ এর বিধান মোতাবেক মহামান্য হাইকোর্টের অনুমোদন গ্রহণ পূর্বক আদেশের কপিসহ রিটার্ন/বন্ধকের বিবরণী নিবন্ধনের জন্য দাখিল করতে হবে।

৪। যে কোন রিটার্ন দাখিলের তারিখ হিসাবে রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানিজ এন্ড ফার্মস এর কার্যালয়ে ক্যাশ কাউন্টারে হার্ড কপি জমা প্রদানের তারিখকেই বিবেচিত করা হবে।

৫। শেয়ার বরাদ্দ/বন্ধকী দলিল সম্পাদনের তারিখ হতে ক্রমিক নং ১ ও ২ এ উল্লেখিত রিটার্নসমূহ জমা প্রদানের সময়/দিন ধারাবাহিক ভাবে গণনা করতে হবে।

কর্তৃপক্ষ